গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
১ কারওয়ান বাজার (টিসিবি ভবন-৮ম তলা), ঢাকা
www.dncrp.gov.com

নম্বরঃ ২৬.০৪.০০০০.১১১.১৭.২২৪.১৯-২৬৩ তারিখঃ ১২ সেপ্টেম্বর ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকি: বিভিন্ন অপরাধে ১০৭টি প্রতিষ্ঠানকে ৮.২৫ লক্ষ টাকা জরিমানা

১১ সেপ্টেম্বর ২০১৯ খ্রি:

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রধান কার্যালয় বিভাগীয় ও জেলা কার্যালয়ের৪৬ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর চট্টগ্রাম মহানগর, নরসিংদী, টাঙ্গাইল, কিশোরগঞ্জ, মাদারীপুর, মুন্সীগঞ্জ, গাজীপুর, ময়মনসিংহ, নেত্রকোণা, শরীয়তপুর, ফরিদপুর, শেরপুর, চাঁদপুর, নোয়াখালী, কক্সবাজার, খুলনা, বাগেরহাট, নড়াইল, ঝিনাইদহ, কুষ্টিয়া, যশোর, বরিশাল, ভোলা, বরগুনা, চাঁপাইনবাবগঞ্জ, রাজশাহী, নওগাঁ, পাবনা, সিরাজগঞ্জ, সিলেট, মৌলভীবাজার, হবিগঞ্জ, রংপুর, পঞ্চগড়, গাইবান্ধা, দিনাজপুর ও কুড়িগ্রামে বাজার তদারকি কার্যক্রম পরিচালনাকরা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়েরসহকারী পরিচালক জনাব মো: মাসুম আরেফিন, জনাব আফরোজা রহমান, জনাব ইন্দ্রানী রায় এবং ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মো: আব্দুল জব্বার মন্ডল কর্তৃক গুলশান ও শেরেবাংলা নগর এলাকায় বাজার তদারকি কার্যক্রমপরিচালনা করা হয়। বাজার তদারকিকালে পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে 'বলাকা ফার্মেসী', 'ঢালী সুপার সপ', 'টপিকানা গুলশান', 'আমির বিপনী বিতান', 'দিদার সুপার সপ' ও 'ভাগ্যকুল সুইটস এন্ড বেকারী' কে যথাক্রমে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা, ১৫,০০০/- (পনের হাজার) টাকা, ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা, ২০,০০০/- (বিশ হাজার) টাকা, ১০,০০০/- (দশ হাজার) টাকা, অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরির অপরাধে 'হান্ডি রেস্টুরেন্ট' কে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রির অপরাধে 'কসি ক্যাফে', 'জাকির মেডিকেল হল' ও 'মা মেডিসিন এন্ড ডিপার্টমেন্টাল'কে যথাক্রমে ২০,০০০/- (বিশ হাজার) টাকা, ২০,০০০/- (বিশ হাজার) টাকা, ও ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা জরিমানা করা হয়। অর্থাৎ গত১১ সেপ্টেম্বর ২০১৯ তারিখে বিভিন্ন অপরাধে সর্বমোট**২,৭০,০০০/- (দুই লক্ষ সত্তর হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালকজনাব প্রনব কুমার প্রামানিক কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর লালবাগ এলাকায় পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করারঅপরাধে 'মঙ্গনের ফলের দোকান' কে ১,০০০/- (এক হাজার) টাকা, ও পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে 'কাউসারের মুদির দোকান' কে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকাসহ মোট **৬,০০০/- (ছয় হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া দেশব্যাপী **৪১টি** বাজার তদারকি কার্যক্রমেরমাধ্যমে অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরি, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয় খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা, ভেজাল পণ্য বা ঔষধ বিক্রয়, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রের কারচুপি, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, সেবা গ্রহীতার জীবন বা নিরাপত্তা বিপন্নকারী কার্যকলাপ ওজনে কারচুপি, সেবা প্রদানে অবহেলা ইত্যাদি দ্বারা সেবাগ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো এবং পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করারঅপরাধে **৮৭টি** প্রতিষ্ঠানকে **৫,০০,৮০০/- (পাঁচ লক্ষ আটশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রি, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে ৮ প্রতিষ্ঠানকে **৪৮,৫০০/- (আটচল্লিশ হাজার পাঁচশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং আইনানুযায়ী **৮ জন** অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে তৎক্ষণাৎ **১২,১২৫/- (বার হাজার একশত পঁচিশ)** টাকা প্রদান করা হয়।

গত ১১ সেপ্টেম্বর ২০১৯ তারিখে সর্ব মোট **৪৬টি** বাজার তদারকি কার্য ক্রম পরিচালনাও **৮টি** লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **১০৭টি** প্রতিষ্ঠানকে মোট **৮,২৫,৩০০/- (আট লক্ষ পঁচিশ হাজার তিনশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, জেলা পুলিশ, আর্মড পুলিশ ব্যাটালিয়ন, সিভিল সার্জন, মৎস্য কর্মকর্তা, পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি, বাজার কর্মকর্তা, স্যানিটারি ইন্সপেক্টর, শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি এবং ক্যাবের সদস্যগণ এসব তদারকি কার্যক্রমে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে জনগণের মাঝে লিফলেট ও প্যাম্পফ্লেট বিতরণ করা হয়েছে।

স্বাক্ষরিত/-
ফাহমিনা আক্তার
সহকারী পরিচালক (কার্যক্রম)
ফোনঃ ০২-৮১৮৯৪১১
ই-মেইলঃ ad-operation@dncrp.gov.bd

বিতরণ:

১। ব্যবস্থাপনা পরিচালক, এটিএন বাংলা/এটিএন নিউজ/চ্যানেল আই/ইটিভি/এনটিভি/আরটিভি/বাংলাভিশন/দেশ টেলিভিশন/সময় টিভি/চ্যানেল ৭১/যমুনা টিভি/এসএটিভি/মাছরাঙা/গাজী টেলিভিশন/বৈশাখী টিভি/চ্যানেল নাইন/এশিয়া টিভি/মাইটিভি/বিজয় টেলিভিশন (উল্লিখিত টিভি চ্যানেলগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

২। সম্পাদক, দৈনিক প্রথম আলো/ডেইলি স্টার/দৈনিক ইত্তেফাক/দৈনিক যুগান্তর/দৈনিক সমকাল/দৈনিক জনকন্ঠ/দৈনিক মানবজমিন/দৈনিক আমাদের সময়/দৈনিক নয়াদিগন্ত/দৈনিক যায়যায়দিন/দৈনিক বাংলাদেশ প্রতিদিন/দৈনিক সংগ্রাম/দৈনিক ভোরের কাগজ/দৈনিক সকালের খবর/দৈনিক ভোরের ডাক/দৈনিক দিনকাল/দৈনিক মানবকন্ঠ/দৈনিক আমাদের অর্থনীতি/দৈনিক বণিক বার্তা/বার্তা/দৈনিক আমার কাগজ/সাপ্তাহিক কনজুমার ভয়েস/দৈনিক দেশেরপত্র (উল্লিখিত সংবাদ পত্রিকাগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): নোটিশ বোর্ডে প্রদর্শন/তাঁর নিয়ন্ত্রিত প্রচার মাধ্যমে প্রচারের অনুরোধসহ

১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৩। পরিচালক (প্রশাসন ও অর্থ), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
৪। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৫। পুলিশ কমিশনার (সকল)।
৬। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৭। জেলা প্রশাসক (সকল)।
৮। পুলিশ সুপার (সকল)।
৯। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
১০। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
১১। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।